


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পরিদর্শন প্রতিবেদন

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : সিদ্ধিরগঞ্জ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, নারায়ণগঞ্জ।
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ২৪/০৮/২০২৩ খ্রি.
- ০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : পূর্বে কেন্দ্রটি পরিদর্শন করা হয়নি
- ০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ০১ জন, পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১ জন, আয়া ০১ জন, অফিস সহায়ক এর পদটি শূণ্য আছে।
- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : কর্মরত সকলে উপস্থিত ছিলেন।
- ০৬। পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : কেন্দ্রে আগত কয়েকজন সেবাহীতার সাথে কথা বলি। তাদের মধ্যে ২ জন প্রসবসেবা গ্রহণ করতে এসেছেন। ইতিমধ্যে তারা সেবা কেন্দ্র হতে প্রসবপূর্ব সেবা নিয়েছেন এবং তারা সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। সাধারণ রোগের সেবা নিতে আসা রোগীগণ ও তাদের সেবাপ্রাপ্তির বিষয়ে ইতিবাচক মনোভাব পোষণ করেন। কয়েকজন কিশোর-কিশোরীকে সেবা গ্রহণ করতে দেখা গেছে। তবে ঔষধ সরবরাহ আরো বৃদ্ধি করা হলে সাধারণ মানুষের আরো বেশি উপকারে আসবে বলে তারা জানান।
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে) :
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : কেন্দ্রটিতে সেবা প্রদানের যথেষ্ট সুযোগ আছে। জনবহুল এলাকা হওয়ায় জনসাধারণের মধ্যে সেবা গ্রহণের চাহিদা আছে। এই কেন্দ্রটিতে প্রতিমাসে কমপক্ষে ১৫ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়। পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক। তবে এ বিষয়ে আরো যত্নবান হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো।।
- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানটি একতলাবিশিষ্ট পুরাতন জরাজীর্ণ ভবন। রাস্তা থেকে কিছুটা নিচু হওয়ায় জলাবদ্ধতা তৈরী হয়।
- ১০। প্রতিষ্ঠানের ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : রোগী দেখার বেড ও টেবিল ভাঙ্গা।
- ১১। কোন সমস্যা/চাহিদা : জরাজীর্ণ ভবন। কেন্দ্রটি ডিপিপিতে পুনঃনির্মাণের তালিকাভুক্ত আছে বলে জেলা ও উপজেলা কর্মকর্তাগণ জানান। কেন্দ্রটি জরুরীভিত্তিতে পুনঃনির্মাণ প্রয়োজন।
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখ পূর্বক পরামর্শ/সুপারিশ) : এই সেবা কেন্দ্রে একটি কৈশোর-বালক কর্নার আছে। কেন্দ্রে আরো বেশি কিশোর-কিশোরী সেবা নেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা হলো। আশে-পাশের স্কুল কলেজে এ বিষয়ে প্রচারণা পরিচালনার জন্য তাৎক্ষণিক পরামর্শ প্রদান করা হলো।

  
(নেওয়াজ হোসেন চৌধুরী)  
যুগ্মসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।